



৫ আগস্টের আগে-পরে পুলিশ হত্যাকাণ্ডের বিচার হবে: আইজিপি



আইজিপি আলী হোসেন ফকির। ছবি: সংগৃহীত

৫ আগস্টের আগে ও পরবর্তী সময়ে পুলিশ সদস্যসহ বহু মানুষের মৃত্যুর ঘটনায় আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন পুলিশের মহাপরিদর্শক আলী হোসেন ফকির।

গুক্রবার (২৭ মার্চ) বিকেলে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ সদর দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এই তথ্য জানান।

আইজিপি বলেন, অযথা ছোটখাটো ইস্যুতে তরুণদের রাস্তায় নেমে অবরোধ করা উচিত নয়, কারণ এতে জনজীবনে বিঘ্ন ঘটে এবং সামগ্রিকভাবে ক্ষতি হয়।

মাদকবিরোধী কার্যক্রমে পুলিশের কঠোর অবস্থানের কথা উল্লেখ করে তিনি বলেন, এ ক্ষেত্রে 'জিরো টলারেন্স' নীতি অনুসরণ করা হচ্ছে। পাশাপাশি তিনি দাবি করেন, ১২ ফেব্রুয়ারির নির্বাচন আইনশৃঙ্খলা বাহিনীর দৃষ্টিতে দেশের অন্যতম সুশৃঙ্খল নির্বাচন ছিল।

LENS ASIA